**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)**
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
পর্যটন ভবন (৯ম তলা), প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও
শেরে-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
www.frc.gov.bd

# নিরীক্ষক তালিকাভুক্তি আবেদনের গাইডলাইন

নিরীক্ষক তালিকাভুক্তির জন্য ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন ২০১৫ এর ধারা ২(১৩) এর সংজ্ঞা অনুযায়ী "নিরীক্ষক অর্থ একক কোন ব্যক্তি অথবা কোন নিরীক্ষা ফার্মের মালিক, অংশীদার বা উহাতে কর্মরত নিরীক্ষা সেবা কার্যক্রমে সম্পৃক্ত কোন ব্যক্তি যিনি পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান এর সদস্য হিসাবে নিবন্ধিত"।

কাউন্সিলের নিকট তালিকাভুক্তির জন্য পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের সদস্য হিসাবে নিবন্ধিত প্রত্যেক ব্যক্তিকে আলাদাভাবে কাউন্সিল বরাবর নির্ধারিত পদ্ধতিতে আবেদন করতে হবে। তালিকাভুক্তি আবেদনের প্রয়োজনীয় গাইডলাইন নিম্নে উল্লেখ করা হলো:

| | |
|---|---|
| কে আবেদন করতে পারবে | • নিরীক্ষা ফার্মের মালিক (Proprietor)<br>• নিরীক্ষা ফার্মের প্রত্যেক অংশীদার (Partner)<br>• নিরীক্ষা ফার্মে কর্মরত নিরীক্ষা সেবা কার্যক্রমে সম্পৃক্ত কোন ব্যক্তি যিনি পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান এর সদস্য হিসাবে নিবন্ধিত |
| একাধিক আবেদন করা যাবে কিনা | একজন আবেদনকারী শুধুমাত্র একটি পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান এর সদস্য হিসাবে কাউন্সিলের নিকট তালিকাভুক্ত হতে পারবে। |
| কে তালিকাভুক্তি ফি প্রদান করবে এবং ফি'র পরিমাণ | নিরীক্ষক তালিকাভুক্তির জন্য ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর তফসিল-২ এ বর্ণিত ফি এর সাথে ১৫% ভ্যাটসহ ফি প্রদান করতে হবে।<br>• আবেদনকারী চার্টার্ড একাউন্টেন্সি প্রতিষ্ঠানের সদস্য হিসাবে কাউন্সিলে তালিকাভুক্ত হতে চাইলে তার ফি ৫,০০০/- টাকা এবং ১৫% ভ্যাটসহ মোট ৫,৭৫০/- টাকা প্রদান করতে হবে।<br>• আবেদনকারী কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্সি প্রতিষ্ঠানের সদস্য হিসাবে কাউন্সিলে তালিকাভুক্ত হতে চাইলে তার ফি ৩,০০০/- টাকা এবং ১৫% ভ্যাটসহ মোট ৩,৪৫০/- টাকা প্রদান করতে হবে।<br>• অনলাইন/অফলাইন এ নিরীক্ষক তালিকাভুক্তির ফি জমাকরণ রশিদের মূলকপি অফলাইন আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে। |

## নিরীক্ষক তালিকাভুক্তি আবেদন ফরম পূরণের গাইডলাইন:


| | |
|---|---|
| আবেদন নিবন্ধন নং ও তারিখ | কাউন্সিল কর্তৃক পূরণীয় (আবেদনকারীকে পূরণ করতে হবে না)। |
| তালিকাভুক্তির নিবন্ধন নং ও তারিখ | |
| ফার্মের ধরন (Type of Firm) | (ক) আবেদনকারী একক মালিকানাধীন ফার্মের মালিক বা কর্মরত নিরীক্ষক হলে **'একক মালিকানাধীন (Sole Proprietorship)'** এর পাশের বক্সে অথবা আবেদনকারী অংশীদারি ফার্মের অংশীদার বা কর্মরত নিরীক্ষক হইলে **'অংশীদারি (Partnership)'** এর পাশের বক্সে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| | (খ) আবেদনকারী চার্টার্ড একাউন্টেন্সি ফার্মের সদস্য হিসেবে তালিকাভুক্ত হতে চাইলে **'চার্টার্ড একাউন্টেন্সি (Chartered Accountancy)'** এর পাশের বক্সে অথবা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্সি ফার্মের সদস্য হিসেবে তালিকাভুক্ত হতে চাইলে **'কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্সি (Cost and Management Accountancy)'** এর পাশের বক্সে টিক (√) চিহ্ন দিতে হবে। |

| | |
|---|---|
| যোগাযোগের মাধ্যম (Contact Information) | • আবেদনকারীর আবাসস্থলের বর্তমান ও স্থায়ী ঠিকানাকে বুঝাবে।<br>• কাউন্সিল কর্তৃক তালিকাভুক্তি ও সংশ্লিষ্ট অন্যান্য কার্য সম্পাদনের জন্য এবং যোগাযোগের উদ্দেশ্যে আবেদনকারীর ব্যবহৃত অফিসিয়াল মোবাইল ও ই-মেইল কে বুঝাবে। |
| অন্যান্য তথ্য (Other Information) | **আয়কর রিটার্ন প্রদানের হালনাগাদ তথ্য (Up-to-date income tax payment info.):** E-TIN ও আয়কর রিটার্ন জমাকরণের প্রাপ্তি স্বীকার পত্রের ছায়ালিপি (Return Acknowledgment Slip) সংযুক্ত করতে হবে। |
| | **জাতীয় পরিচয়পত্র (NID) বা পাসপোর্ট (Passport):** জাতীয় পরিচয়পত্র (NID) বা পাসপোর্ট (Passport) যে কোনো একটির নম্বর প্রদান করবে এবং যথাযথ বক্সে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| ফার্মের মালিক, অংশীদার ও নিরীক্ষক (নিরীক্ষা চর্চা সনদ ব্যতীত) সম্পর্কিত তথ্য | **নিরীক্ষা চর্চা সনদ (CoP) নম্বর:**<br>• ফার্মের মালিক ও অংশীদারগণের আবেদনের জন্য নিরীক্ষা চর্চা সনদ (CoP) এর ছায়ালিপি বাধ্যতামূলকভাবে প্রদান করতে হবে।<br>• ফার্মের মালিক ও অংশীদার ব্যতিত অন্যান্য চার্টার্ড একাউন্টেন্ট অথবা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট এর আবেদনের জন্য নিরীক্ষা চর্চা সনদ (CoP) প্রযোজ্য নয়।<br>• ফার্মের মালিক বা অংশীদারগণের তথ্য প্রদানের ক্ষেত্রে নিরীক্ষা চর্চা সনদ (CoP) নং ও তারিখ হবে সর্বশেষ প্রাপ্ত নিরীক্ষা চর্চা সনদ (CoP) নং ও তারিখ।<br>• ফার্মের মালিক বা অংশীদারগণের অভিজ্ঞতার বছর প্রথম নিরীক্ষা চর্চা সনদ (CoP) প্রাপ্তির দিন হতে গণনা করতে হবে। |
| নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (Regulatory Authority) | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি ২(ঙ) এর সংজ্ঞা অনুযায়ী "নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ অর্থ এইরূপ কোনো কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠান যাহার নিকট রেজিস্টারভুক্ত, নিবন্ধিত বা লাইসেন্সপ্রাপ্ত না হইলে বা উক্ত কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠানের অনুমোদন না পাইলে সংশ্লিষ্ট ব্যক্তি বা জনস্বার্থ সংস্থা উহার কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না"। |
| আবেদনকারীর শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা | সর্বশেষ লেভেল/পরীক্ষা হতে শুরু করে ক্রমানুসারে প্রত্যেকটি লেভেল/পরীক্ষার নাম ও অন্যান্য তথ্য প্রদান করতে হবে। |
| হলফনামা (Affidavit) | • আবেদনকারী কর্তৃক হলফনামাটি স্ট্যাম্প এ্যাক্ট, ১৮৯৯ এর বিধান অনসারে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে সম্পাদন করতে হবে।<br>• হলফনামা অনলাইন আবেদনের ক্ষেত্রে স্ক্যান কপি এবং অফলাইন আবেদনের ক্ষেত্রে মূল কপি জমা প্রদান করতে হবে। |


অনলাইন পেমেন্ট

**<u>অনলাইন পেমেন্ট পদ্ধতি:</u>**

- অনলাইন আবেদনপত্রের Payment অপশনে গিয়ে Select Item নির্বাচন করে Pay Online বাটনে ক্লিক করতে হবে।





- Pay Online বাটনে ক্লিক করলে নিম্নের উইন্ডোটি দেখতে পাবেন।




- উইন্ডোতে প্রদর্শিত পেমেন্ট মাধ্যম (কার্ডস/ মোবাইল ব্যাংকিং/ নেট ব্যাংকিং) ব্যবহার করে ফি প্রদান করুন।
- অনলাইন এ নিরীক্ষক তালিকাভুক্তির ফি জমাকরণ রশিদের মূলকপি অনলাইন এবং অফলাইন উভয় আবেদনপত্রের সাথে সংযুক্তি আকারে জমা প্রদান করতে হবে।

**অফলাইন পেমেন্ট পদ্ধতি:**

- তালিকাভুক্তির প্রযোজ্য ফি “**FRC AUDITOR ENLISTMENT FUND**” এর নামে যে কোন তালিকাভুক্ত ব্যাংকের মাধ্যমে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করতে হবে।
- পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সম্পন্ন হলে অনলাইন আবেদনপত্রের পেমেন্ট অপশনে গিয়ে আবেদনকারীর প্রযোজ্য ফি অনুসারে Offline Payment Information এর সকল তথ্য ও পে-অর্ডারের স্ক্যান কপি পিডিএফ আকারে অনলাইন আবেদনপত্রে সংযুক্ত করে Save Draft & Continue বাটনে ক্লিক করতে হবে।
- অফলাইনে নিরীক্ষক তালিকাভুক্তির ফি জমাকরণ রশিদের মূলকপি অফলাইন আবেদনপত্রের সাথে সংযুক্তি আকারে জমা প্রদান করতে হবে।




*** অনলাইন আবেদনপত্রে উল্লেখিত সকল তথ্য-উপাত্ত এবং সংযুক্তিসমূহ প্রদানপূর্বক Final Submit এর পূর্বে বার বার যাচাই-বাছাই করুন। প্রদানকৃত সকল তথ্য-উপাত্ত এবং সংযুক্তিসমূহ কেবলমাত্র সঠিক হলেই Final Submit করুন, কেননা Final Submit এর পরে আর কোন তথ্য-উপাত্ত বা সংযুক্তি পরিবর্তন করা সম্ভব নয়।

*** Final Submit এর পরে Print Process বাটনে ক্লিক করে আবেদনপত্রটি প্রিন্ট করুন এবং প্রিন্টকৃত আবেদনপত্রটি অফলাইন আবেদনপত্র হিসেবে প্রদানকৃত সকল তথ্য-উপাত্ত এবং সংযুক্তিসহ নির্দিষ্ট সময়সীমার মধ্যে এফআরসি’র কার্যালয়ে জমা প্রদান করুন।